

তারিখ 3. MAY. 2003
 পৃষ্ঠা ২

ভুল তথ্য দ্বারা শিক্ষকদের বিভ্রান্ত করা হচ্ছে : মন্ত্রণালয়

কাল থেকে সরকারী কলেজ শিক্ষকরা দু'দিনের জন্য ক্লাস বর্জন করবেন

ইন্ডেক্সিং রিপোর্ট। শিক্ষা সর্গস্টিউ অফিস হতে ১৪০ জন প্রশাসন ক্যাডার কর্মকর্তাকে প্রত্যাহারসহ বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির আহবানে ঢাকা শহরের সরকারী কলেজের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ আগামীকাল রবিবার থেকে প্রথম দফায় ২ দিনব্যাপী ক্লাস বর্জনের কর্মসূচী পালন করবেন। ১৫ই মে'র মধ্যে দাবি আদায় না হলে দ্বিতীয় দফায় ১৯শে মে থেকে সারাদেশের সরকারী কলেজের (২য় পৃঃ ৪-এর কঃ ৫ঃ)

কাল থেকে সরকারী কলেজ

(প্রথম পৃঃ পর)

শিক্ষক-শিক্ষিকাবৃন্দ ৩ দিনব্যাপী ক্লাস বর্জন কর্মসূচী পালন শেষে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করবেন। এদিকে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি ঘোষিত আন্দোলনের কর্মসূচীর প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় এক প্রেস বিজ্ঞপ্তিতে প্রতিক্রিয়া স্বাক্ষর করেছে। শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম স্বাক্ষরিত এই প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সম্প্রতি সরকার বিভিন্ন ক্যাডারের ৪৯৩ জন কর্মকর্তাকে উপ-সচিব পদে পদোন্নতি দিয়েছে। যার মধ্যে শিক্ষা ক্যাডারের ১৪ জন কর্মকর্তার পদোন্নতি পেয়েছেন। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে থেকে ৪২ জন কর্মকর্তাকে শিক্ষা মন্ত্রণালয়ে পদস্থানের জন্য সংস্থাপন মন্ত্রণালয় থেকে আদেশ জারি করা হয়। শিক্ষা মন্ত্রণালয় উপরোক্ত ৪২ জন কর্মকর্তার মধ্যে মোট ২৮ জনকে মন্ত্রণালয়ের বিভিন্ন অফিসের/দপ্তর/সংস্থা ও প্রকল্পের বিভিন্ন পদে পদায়ন করে দার মধ্যে ২ জন শিক্ষা ক্যাডারের কর্মকর্তা আছেন। অবশিষ্ট ১৪ জনকে অন্যত্র পদায়নের অনুরোধ জানিয়ে সংস্থাপন মন্ত্রণালয়ে ফেরত দেয়া হয়। বিসিএস শিক্ষা ক্যাডার সমিতির প্রচারপত্রে উল্লেখিত ১৪০টি পদে পদায়নের বিষয়টি আদৌ সত্য নয়। প্রেস বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, শিক্ষা ক্যাডারের বিপুলসংখ্যক শূন্য পদের কারণে ১৫ জন শিক্ষককে বিভিন্ন প্রশাসনিক পদ থেকে কলেজে পদায়ন করা শিক্ষার গুণগত মান রক্ষার জন্য একটি সমন্বিত পদক্ষেপ, যা প্রধানমন্ত্রী ২০০৩ সালকে "শিক্ষার বৎসর" ঘোষণা বাস্তবায়নের সাথে সামঞ্জস্যপূর্ণ। সরকার আশা করে যে, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকগণের প্রত্যাহারজন ছাত্র/ছাত্রীবৃন্দ, অভিভাবকবৃন্দ ও শিক্ষক সমাজের জন্য একটি আনন্দদায়ক ঘটনা। সরকার এ কারণে আরো আশা করে যে, সর্গস্টিউ সকলে উৎসাহিত আন্দোলনের নামে ভুল তথ্য দ্বারা বিভ্রান্ত হবেন না এবং শিক্ষার ক্ষতি করে কোন প্রকার কর্মবিঘ্নিত পালন করবেন না।